

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে ২২ দফা দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছেন। গত ২ নভেম্বর ক্লাস চলাকালে ভবনের সিলিং ভেঙে পড়ার পর থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের ঘোষণা দেন। গতকাল শনিবার টানা চতুর্থ দিন কর্মসূচি পালন করেছেন। তাদের দাবির সঙ্গে একমত পোষণ করেছেন শিক্ষকরাও। ইনস্টিটিউটের পরিচালক শিক্ষার্থীদের দাবি যৌক্তিক বলে মেনে নিয়েছেন, তবে অর্থ বরাদ্দের অপ্রতুলতার কারণে প্রয়োজনীয় সংস্কার করতে পারছেন না বলে জানিয়েছেন।

শিক্ষার্থীদের অভিযোগ, গত ১০ বছরে সৌন্দর্যবর্ধনের নামে কিছু বৃক্ষরোপণ ও ঘাস লাগানো হয়েছে। অবকাঠামোগত উন্নয়ন ও সংরক্ষণ, শিক্ষার্থীদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা বাড়ানোর পদক্ষেপ নেয়নি।

advertisement

শিক্ষার্থীদের দাবির মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলো- ঝুঁকিমুক্ত ও নিরাপদ ক্লাসরুম, ছাত্রছাত্রীদের হল ও ডাইনিংয়ের ব্যবস্থা করা। প্রতিটা ভবনে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা, প্রতিটি ভবনে পর্যাপ্ত টয়লেট, ছাত্রীদের নিরাপদ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, ক্লাসের বরাদ্দকৃত আর্ট মেটেরিয়ালের ব্যবস্থা করা। চতুর্থ বর্ষের ছাত্র পার্থ রায় জানান,

advertisement 4

তার পা ভেঙেছে ছাত্রাবাসের স্যাঁতসেঁতে শৌচাগারে পা মচকে। প্রায় ৮ মাস চিকিৎসার পর এখন হাঁটতে পারেন। তার পা ভাঙার পর থেকে মাসে একদিন শৌচাগার পরিষ্কার করা হয়।

রাফি ফকির নামে আরেক শিক্ষার্থী জানান দুই মাস আগে ছাত্রাবাস থেকে দুটি মোবাইল ফোন ও একটি ল্যাপটপ চুরি হয়। এর দুদিন পর আরেকটি মোবাইল ফোন চুরি হয়। পরিচালকে ছাত্রাবাসের ছাত্ররা জানালে তিনি শিক্ষার্থীদের সাবধান থাকার পরামর্শ দেন।

শিক্ষার্থীরা সিসি ক্যামেরার ফুটেজ দেখতে চাইলে সেটি অকার্যকর বলে জানায় কর্তৃপক্ষ।

চারুকলা ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর প্রণব মিত্র বলছেন, শিক্ষার্থীদের দুর্দশা বুঝতে পারছেন। যথেষ্ট অর্থ বরাদ্দ না থাকায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারেন না। শিক্ষার্থীদের দাবিগুলো উপাচার্যের কাছে পৌঁছাবেন।